ট্রেনিং ইনস্টিটিউট
পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
গণকবাড়ী, সাভার, ঢাকা- ১৩৪৯।
ফোনঃ ৯৯৬৬৮৯৪৯৩, ই-মেইলঃ ti_baec@yahoo.com

নং ঃ ৩৯.০১.২৬৭২.২১৭.২৫.০৫৬.১৬ তারিখঃ ১৩-০৮-২০২৬ খ্রি.

# বিজ্ঞপ্তি

**বিষয় ঃ Training Institute কর্তৃক পরিচালিত Follow-up Training Course (FTC) এর আওতায় Reactor Engineering Course-2026, এর জন্য প্রশিক্ষণার্থীদের মনোনয়ন আহ্বান প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জাপান বাংলাদেশ সহযোগীতা চুক্তির আওতায় Japan Atomic Energy Agency (JAEA) কর্তৃক জাপানে Instructor Training Course (ITC) শীর্ষক একটি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সে বাপশক-এর বিজ্ঞানীগণ প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন। ITC-এ প্রশিক্ষণপ্রাপ্ত বিজ্ঞানী এবং জাপানের বিশেষজ্ঞদের সহযোগীতায় আগামী ০৪ অক্টোবর **২০২৬ খ্রি.** তারিখ থেকে **প্রধান কার্যালয়ে** নিম্নে উল্লেখিত সিডিউল মোতাবেক প্রশিক্ষণ কোর্সটি অনুষ্ঠিত হবে।

| S.L | Name of the Course | Duration | Trainer of the Course |
|---|---|---|---|
| 1. | FTC on Reactor Engineering | 04–15 Oct. 2026 (2 Weeks) | Four Experts from JAEA-Japan, Senior Scientists of BAEC and Scientists trained in Japan under ITC. |

উল্লিখিত কোর্সে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের বিভিন্ন ইনস্টিটিউট/ইউনিট/কেন্দ্র/ডিভিশন/রূপপুর(আরএনপিপি) প্রকল্প ও বায়েরা থেকে বিষয়-সংশ্লিষ্ট ও আগ্রহী কর্মকর্তাদের মনোনয়ন আহ্বান করা হচ্ছে। এসও/এসএসও/ সমপর্যায় কর্মকর্তাদেরকে উল্লেখিত কোর্সে মনোনয়ন প্রদান করা যাবে। নিম্নের ছক মোতাবেক মনোনীত প্রশিক্ষণার্থীর সদ্য তোলা একখানা পাসপোর্ট সাইজের ছবিসহ (স্ক্যান করে জেপিজি ফরম্যাটে আলাদা ভাবে পাঠাতে হবে) প্রয়োজনীয় তথ্যাদি সম্বলিত সংক্ষিপ্ত বায়োডাটা **আগামী ২২ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি.** তারিখের মধ্যে ট্রেনিং ইনস্টিটিউট, পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান, গণকবাড়ী, সাভার, ঢাকা-১৩৪৯ বরাবর হার্ডকপি এবং সফ্টকপি (ই-মেইলঃ ti_baec@yahoo.com) প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

মনোনীত প্রশিক্ষণার্থীর তথ্য ছক

| | |
|---|---|
| ক) প্রশিক্ষণার্থীর নাম (ইংরেজী) | ঃ |
| (বাংলা) | ঃ |
| খ) পদবী | ঃ |
| গ) চাকুরীতে যোগদানের তারিখ | ঃ |
| ঘ) কর্মস্থলের পূর্ণাংগ ঠিকানা | ঃ |
| ঙ) মোবাইল | ঃ |
| চ) ই-মেইল | ঃ |
| ছ) বেতনক্রম (গ্রেড উল্লেখসহ) | ঃ |
| জ) শিক্ষাগত যোগ্যতা (সর্বশেষ ডিগ্রি) | ঃ |
| ঝ) পূর্ব প্রশিক্ষণের সংক্ষিপ্ত বিবরণ (যদি থাকে) | ঃ |

**অত্র কোর্সে মনোনীত প্রশিক্ষণার্থীদের জন্য জ্ঞাতব্য বিষয়সমূহঃ**

১। বর্ণিত কোর্সে অংশগ্রহণের জন্য কমিশন/বায়েরা/আরএনপিপি প্রকল্পে কর্মরতদের কোন প্রকার কোর্স ফি প্রদান করতে হবে না।

২। প্রশিক্ষণার্থীকে অবশ্যই ৯ম-৬ষ্ঠ গ্রেডের কর্মকর্তা (এসও/এসএসও/সমপর্যায়) হতে হবে।

৩। প্রশিক্ষণে আগত প্রশিক্ষণার্থীকে কোন ধরনের টিএ/ডিএ/সম্মানী প্রদান করা হবে না। প্রশিক্ষণার্থীগণ স্ব-স্ব কেন্দ্র প্রতিষ্ঠান হতে প্রচলিত বিধি মোতাবেক টিএ/ডিএ/সম্মানী ইত্যাদি ভাতা গ্রহণ করতে পারবেন।

অ:পৃ:দ্র:

f.৪

৪। প্রশিক্ষণকালে প্রশিক্ষণার্থীদের নিজ খরচে খাবারের ব্যবস্থা করতে হবে।

৫। প্রতিদিন সকাল ৯.৩০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম চলবে এবং প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে সকল ক্লাশে উপস্থিত থাকা ও পরীক্ষায় অংশ গ্রহণ করা বাধ্যতামূলক।

৬। প্রশিক্ষণার্থীকে নিজ নিজ কেন্দ্র/প্রতিষ্ঠান হতে ছাড়পত্র (Release Order) আনতে হবে এবং ছাড়পত্র জমা দিয়ে কোর্স শুরুর দিন সকাল নয়টায় রেজিষ্ট্রেশন করতে হবে।

০৭। প্রশিক্ষণের উপযোগিতা নিরীখে ট্রেনিং ইনস্টিটিউট প্রশিক্ষণার্থীর চূড়ান্ত তালিকা প্রণয়ন করবে। প্রশিক্ষণ সংক্রান্ত যে কোন আদেশ, রুটিন, বিজ্ঞপ্তি, তারিখ, সময়সূচী ইত্যাদির পরিবর্তন/সংযোজন/পরিবর্ধন/বিয়োজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই বিজ্ঞপ্তি জারি করা হলো।

F.yasmin 13.08.26

(ড. ফারজানা ইয়াসমিন)
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও পরিচালক

বিতরণঃ

মহা-পরিচালক/পরিচালক/ভারপ্রাপ্ত পরিচালক/প্রধান.................................................................................।

সদয় জ্ঞাতার্থেঃ

০১ চেয়ারম্যান, বাপশক, ঢাকা।
০২ সদস্য (ভৌত-বিজ্ঞান), বাপশক, ঢাকা।
০৩ সদস্য (পরিকল্পনা), বাপশক, ঢাকা।
০৪ সদস্য (জীব-বিজ্ঞান), বাপশক, ঢাকা।
০৫ পরিচালক (প্রশাসন) (উপসচিব), বাপশক, ঢাকা।
০৬ পরিচালক (অর্থ) (উপসচিব), বাপশক, ঢাকা।